ভোরের কাগজ

তারিখ 06 JAN 2006
পৃষ্ঠা ৯ কলাম ৭

# খুলনার স্কুলে তৃতীয় শ্রেণীর ভর্তি পরীক্ষা আজ শুরু

## ৩ সরকারি স্কুলে ৬০০ আসনে প্রার্থী ২১৮০ জন

খুলনা প্রতিনিধি : খুলনা মহানগরীর নামকরা স্কুলগুলোতে আজ শুক্রবার থেকে তৃতীয় শ্রেণীতে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। নামকরা স্কুলগুলোতে সন্তানদের ভর্তি করার জন্য অভিভাবকরা উদগ্রীব হয়ে উঠেছেন। বিভিন্ন কোচিং সেন্টার ও যে স্কুলে সন্তানকে ভর্তি করবেন সে স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের কাছে অভিভাবকরা তাদের সন্তানদের নিয়ে শেষবারের মতো ধরনা দিচ্ছেন। কোমলমতি শিশুদের মাঝেও সৃষ্টি হয়েছে উদ্বেগ-উৎকণ্ঠা। খুলনা মহানগরীর তিনটি সরকারি স্কুল যথাক্রমে জিলা, করোনেশন ও মন্নুজানে ৬০০ আসনের বিপরীতে ২ হাজার ১৮০ জন ছাত্রছাত্রী ভর্তিযুদ্ধে অংশ নিচ্ছে।

জিলা ও করোনেশন স্কুলে আজ শুক্রবার সকাল ৯ টা থেকে বেলা ১২ টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। মন্নুজান বালিকা বিদ্যালয়ে একই সময়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৮ জানুয়ারি। তিনটি স্কুলে বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞানের ওপর ১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার দিন রাতেই ফলাফল জানিয়ে দেওয়া হবে। জিলা স্কুলে প্রাতঃ বিভাগে আসন সংখ্যা ১২০টি। ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে ৪১০ জন ছাত্র। দিবা বিভাগে আসন সংখ্যা ১২০ টি। ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে ৫৬০ জন ছাত্র।

সরকারি করোনেশন বালিকা বিদ্যালয়ে প্রাতঃ ও দিবা বিভাগের প্রত্যেকটিতে আসন সংখ্যা ১২০ টি করে। প্রাতঃ বিভাগে ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে ৫২০ জন এবং দিবা বিভাগে অংশ নিচ্ছে ৩৮০ জন ছাত্রী। সরকারি মন্নুজানে বালিকা বিদ্যালয়ে দুটি বিভাগে আসন সংখ্যা ১২০ টি। ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে ২৭০ জন ছাত্রী। এছাড়া সরকারি ল্যাবরেটরি স্কুলে

চতুর্থ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৭ জানুয়ারি। ৯ জানুয়ারি সেন্ট যোসেফ স্কুলে তৃতীয় শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।